

মার্ক লোককের মন্তব্য
তরুণদের কর্মমুখী
শিক্ষায় বাংলাদেশের
ভবিষ্যৎ উজ্জ্বল

কূটনৈতিক প্রতিবেদক >

তরুণ জনগোষ্ঠীকে কর্মমুখী শিক্ষায়
শিক্ষিত করা সম্ভব হলে বাংলাদেশের
ভবিষ্যৎ অত্যন্ত উজ্জ্বল হবে বলে
মনে করেন 'সফররত যুক্তরাজ্যের
আন্তর্জাতিক উন্নয়নবিষয়ক দপ্তরের
(ডিএফআইডি) স্থায়ী সচিব মার্ক
লোকক। গতকাল ঢাকায় একটি
প্রতিষ্ঠান পরিদর্শন করে তিনি ওই
মন্তব্য করেন।

ইউএনবি জানায়, সুবিধাবঞ্চিত
শিশুদের শিক্ষা কর্মসূচি (ইউনেপ)
বাংলাদেশ পরিদর্শন শেষে মার্ক
লোকক বলেন, 'বিশেষ করে এ
ধরনের কর্মমুখী শিক্ষাব্যবস্থায় শিক্ষিত
তরুণ জনগোষ্ঠী সৃষ্টি করতে পারলে
বাংলাদেশের ভবিষ্যৎ অত্যন্ত উজ্জ্বল
হবে।'